

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৪৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ আগুনে পাকানো জিনিস খেলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক ওয়ূ করার নির্দেশ

ذَكَرُ أَمْرِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْوُضُوءِ مِنْ أَكْلِ مَا مَسَّتْهُ النَّارُ

আরবী

1144 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ:

أَخْبَرَنَا يُونُسُ وَعَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ ابْنِ شَهَابٍ أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ حَدَّثَهُ أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ إِبْرَاهِيمَ بْنَ قَارِظٍ حَدَّثَهُ أَنَّهُ وَجَدَ أَبَا هُرَيْرَةَ عَلَى ظَهْرِ الْمَسْجِدِ يَتَوَضَّأُ فَسَأَلَهُ قَالَ أَبُو هُرَيْرَةَ: إِنَّمَا أَتَوَضَّأُ مِنْ أَثْوَارٍ أَقِطٍ أَكَلْتُهَا إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (تَوَضَّأُ مِمَّا مَسَّتْهُ النَّارُ)

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1144 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: هَكَذَا أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ وَقَالَ: عَبْدُ اللَّهِ بْنُ إِبْرَاهِيمَ بْنِ قَارِظٍ وَإِنَّمَا هُوَ إِبْرَاهِيمُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ قَارِظٍ.

বাংলা

১১৪৪. ইবরাহিম বিন আব্দুল্লাহ বিন কারিয় থেকে বর্ণিত, তিনি আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহুকে একবার মাসজিদের ছাদের উপর ওয়ূ করতে দেখে তাঁকে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, “আমি কয়েক টুকরো পনির খেয়েছি, এজন্য ওয়ূ করছি। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তুমি আগুনে পাকানো জিনিস খেয়ে ওয়ূ করবে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “আমাদেরকে হাদীসটি এভাবেই কুতাইবা বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, “ইবরাহিম বিন আব্দুল্লাহ বিন কারিয় এবং ইবরাহিম বিন বিন আব্দুল্লাহ বিন কারিয় একই ব্যক্তি।”

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৫০; মুসনাদ আহমাদ: ২/৪২৭; নাসাঈ: ১/১০৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৬৭; আত তায়ালিসী: ১/৫৮; সহীহ মুসলিম: ৩৫২; তাহাবী, শারহ মা'আনিল আসার: ১/৬৩; সুনান বাইহাকী: ১/১৫৫; তিরমিযী: ৭৯; ইবনু মাজাহ: ৪৮৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৮৯।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু ইবরাহীম ইবনু কারিয (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90457>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন